

## 📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫০১

২৩. কুরআনের ফযীলত অধ্যায় (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ৩১. যে ব্যক্তি এক হাজার আয়াত পরিমাণ পাঠ করে

باب مَنْ قَرَأَ أَلْفَ آيَةٍ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ بِسْطَامٍ حَدَّثَنَا يَحْيَى بْنُ حَمْزَةَ عَنْ يَحْيَى بْنِ الْحَارِثِ عَنِ الْقَاسِمِ أَبِي عَبْدِ الرَّحْمَنِ عَنْ تَمِيمِ الدَّارِيِّ وَفَضَالَةَ بْنِ عُبَيْدٍ قَالَا مَنْ قَرَأَ أَلْفَ آيَةٍ فِي لَيْلَةٍ كُتِبَ لَهُ قِنْطَارٌ وَالْقِنْطَارُ خَيْرٌ مِنَ الدُّنْيَا وَمَا فِيهَا وَاکْتَنَزَ مِنَ الْأَجْرِ مَا شَاءَ اللَّهُ

বাংলা

৩৫০১. আল কাসিম আবু আব্দুর রহমান হতে বর্ণিত, তিনি বলেন, তামীম দারী ও ফুযালাহ ইবনু উবাইদ উভয়ে বলেছেন, যে ব্যক্তি রাতে (সালাতে) এক হাজার আয়াত পাঠ করবে, তার জন্য 'ক্বিনতার' (অশেষ) পরিমাণ সাওয়াব লিখা হবে। আর 'ক্বিনতার' (অশেষ, অটেল)-এর মধ্যে থেকে 'ক্বিরাত' পরিমাণ সম্পদও তোমাদের এ পুরো দুনিয়া ও দুনিয়ার মধ্যে যা কিছু আছে সবকিছুর চেয়ে উত্তম। আর সে আল্লাহর ইচ্ছানুযায়ী (তথা অপরিসীম বিনিময়) অর্জন করবে।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যযীফ তবে হাদীসটি হাসান।

তাখরীজ: এটি গত হয়েছে নং ৩৪৭৮, ৩৪৭৯, ৩৪৮৩ ও ৩৪৮৮ তে।

তাবারাণী, কাবীর ২/৫০, ৫১ নং ১২৫৩; আওসাত নং ৮৪৪৬ তে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আল কাসিম আবু আব্দুর রহমান (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83786>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন